



# সূর্যের হাসি মূল্যবোধ

## সূর্যের হাসি

### সূর্যের হাসি মিশন

স্থায়ীভাবে সর্বোন্নত, বন্ধুসুলভ ও সুলভমূল্যে স্বাস্থ্য সেবা প্রদানের মাধ্যমে আমরা সকল বাংলাদেশীর জীবনযাত্রার মান উন্নয়ন করতে প্রতিজ্ঞাবদ্ধ।

### আমাদের মূল্যবোধ

আমাদের কাজে সর্বদা মনে রাখবো যে রোগীর প্রয়োজনই প্রথম। সূর্যের হাসির মূল্যবোধ সম্মান, সততা, জবাবদিহিতা, গুণগতমান এবং সহযোগিতা আমাদের মূল্যবান স্বাস্থ্য সেবা প্রদান করতে নির্দেশনা দেয়। এই নেটওয়ার্কের সকল সদস্য নিম্নে বর্ণিত পেশাগত আচরণবিধিসমূহ অবশ্যই অনুসরণ করবেন।

### সম্মান

আমরা পরস্পরকে সম্মান করতে ও মর্যাদা দিতে প্রতিজ্ঞাবদ্ধ।

- আমরা সহকর্মী, সেবাগ্রহীতা ও অন্যান্যদের সাথে বিনয়সুলভ, সুন্দর এবং আন্তরিক আচরণ করি।
- আমরা প্রয়োজন ও গুরুত্ব সাপেক্ষে জনগণের সাথে কাজ করি এবং বয়স, লিঙ্গ, গোত্র, ধর্ম, বিশ্বাস, সামাজিক ও অর্থনৈতিক অবস্থান, প্রতিবন্ধিত্ব, যৌনতা, বৈবাহিক অবস্থা বা স্বাস্থ্যগত অবস্থার ভিত্তিতে কোনো বৈষম্য করি না।
- আমাদের লক্ষ্য সকলকে সমমানের সেবা প্রদান করা।
- আমরা ইতিবাচক পরিবেশ রক্ষা করতে প্রতিজ্ঞাবদ্ধ যা সন্ত্রাস, ভয়, ঘৃণা বা হয়রানী করা থেকে মুক্ত।
- সেবা গ্রহণকারীর স্বাস্থ্য সেবা বিষয়ক তথ্যের গোপনীয়তা ও একান্ততার প্রতি আমরা শ্রদ্ধাশীল এবং এর বেআইনি প্রকাশ থেকে বিরত থাকি।

### সততা

সততার সাথে কাজ করার অর্থ আমাদের সিদ্ধান্ত ও কার্যাদি আমাদের ঘোষিত বিশ্বাসের সাথে সঙ্গতিপূর্ণ।

- আমাদের সকল যোগাযোগ ও কাজে আমরা সততা, খোলামেলা ও দায়িত্বশীলতা প্রদর্শন করি।
- আমরা সততার সাথে আমাদের সেবামূল্য নিয়ে থাকি এবং সেবার সঠিক রিপোর্ট প্রদান করি।
- আমরা সঠিক ও পূর্ণাঙ্গ রেকর্ড সংরক্ষণ করি।
- আমাদের সিদ্ধান্ত গ্রহণে প্রভাবিত করবে এমন কোনো উপটোকন বা সুবিধা নেয়া আমাদের পক্ষে অসম্ভব।
- ব্যক্তিগত সুবিধার জন্য ক্ষমতার অপব্যবহার আমাদের পক্ষে অসম্ভব।

### জবাবদিহিতা

জবাবদিহিতা হলো সেবাগ্রহীতা, কর্মী, কমিউনিটি, দাতা, সহযোগী ও নেটওয়ার্কের অন্যান্যদের প্রতি আমাদের দায়িত্ব গ্রহণ ও পালনে আমাদের স্বদিচ্ছার বিষয়ে জবাবদিহিতা।

- আমরা ঘটনার আলোকে ন্যায্য ও সততার সাথে আমাদের সিদ্ধান্ত গ্রহণ করি।
- স্বচ্ছতা ও খোলাখুলিভাবে আমরা কাজ করি ও তথ্য প্রদান করি।
- আর্থিক ও ব্যবস্থাপনা রেকর্ডসমূহ আমরা সঠিক ও পূর্ণাঙ্গ তথ্যসহ সংরক্ষণ করি।
- সেবাগ্রহীতা ও নেটওয়ার্কের স্বার্থে আমরা উচ্চতর ব্যবস্থাপনা বিষয়ে সজাগ রয়েছি।
- আমরা আমাদের কাজের জন্য ইতিবাচকভাবে জবাবদিহি করি।

### মান

কার্যকর সেবা প্রদানের জন্য বাংলাদেশের জনগণ আমাদের উপর আস্থাশীল।

- চিকিৎসা ও ব্যবস্থাপনার ক্রমাগত উন্নয়নের মাধ্যমে মানসম্মত স্বাস্থ্য সেবা প্রদানে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।
- সততা ও দক্ষতা বৃদ্ধির জন্য আমরা আর্থিক ব্যবস্থাপনা ও মনিটরিং পদ্ধতি ব্যবহার করি।
- সেবা ও ব্যবস্থাপনার উন্নয়নের জন্য আমরা “ফিডব্যাক” পদ্ধতিকে স্বাগত জানাই ও ব্যবহার করি।
- সেবাগ্রহীতাকেন্দ্রিক, দক্ষতাপূর্ণ ও বন্ধুসুলভ সেবা প্রদানের সকল পদ্ধতি আমরা অবলম্বন করি।
- আমরা বিশ্বাস করি যে আমাদের প্রত্যেকেই নিরাপত্তা ও গুণগতমানের জন্য দায়িত্বশীল।

### সহযোগিতা

সার্বজনীন লক্ষ্য অর্জনে সহকর্মী ও সেবাগ্রহীতা একযোগে কাজ করলে উত্তম সমাধান পাওয়া যায়।

- শ্রদ্ধাবোধ ও অংশীদারিত্বসহ আমরা কার্যকর টিম হিসেবে কাজ করি।
- আমরা জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময় করি।
- সেবাগ্রহীতার সেবায় ও উপকারে আমরা টিম ওয়ার্ক ও যোগাযোগ রক্ষা করি।
- সময়ানুবর্তি ও দায়িত্বশীল হতে আমরা আশ্রয় চেষ্টা করি।
- সমস্যা ও দ্বন্দ্ব নিরসনে আমরা ইতিবাচক, খোলামেলা আলোচনা করি।

### সম্মান

আমরা পরস্পরকে সম্মান করতে ও মর্যাদা দিতে প্রতিজ্ঞাবদ্ধ।

### সততা

সততার সাথে কাজ করার অর্থ আমাদের সিদ্ধান্ত ও কার্যাদি আমাদের ঘোষিত বিশ্বাসের সাথে সঙ্গতিপূর্ণ।

### জবাবদিহিতা

জবাবদিহিতা হলো সেবাগ্রহীতা, কর্মী, কমিউনিটি, দাতা, সহযোগী ও নেটওয়ার্কের অন্যান্যদের প্রতি আমাদের দায়িত্ব গ্রহণ ও পালনে আমাদের স্বদিচ্ছার বিষয়ে জবাবদিহিতা।

### মান

কার্যকর সেবা প্রদানের জন্য বাংলাদেশের জনগণ আমাদের উপর আস্থাশীল।

### সহযোগিতা

সার্বজনীন লক্ষ্য অর্জনে সহকর্মী ও সেবাগ্রহীতা একযোগে কাজ করলে উত্তম সমাধান পাওয়া যায়।



স্মাইলিং সান ফ্র্যানচাইজ প্রোগ্রাম (এসএসএফপি)

বাড়ী নং-১৫/এ, সড়ক নং-৩৫, গুলশান-২, ঢাকা-১২১২

এখানে প্রকাশিত মতামতের সাথে ইউএসএআইডি'র মতের মিল নাও থাকতে পারে।



Smiling Sun Franchise Program